

আইবাস ++ (সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি) এর উপর প্রশিক্ষণ কর্মশালা

ঢাকার ইন্স্কাটনস্থ প্রবাসী কল্যাণ ভবনে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সভাকক্ষে ০৯ নভেম্বর ২০১৭ সকাল ১০.৩০ টায় আইবাস ++ (সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতি) এর উপর একটি প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণ কর্মশালাটি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ আমিনুল ইসলাম উদ্বোধন করেন। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর কর্মকর্তা এবং প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। অর্থ মন্ত্রণালয়ের উপসচিব রাশেদুল হোসেন প্রশিক্ষণ কর্মশালাটি পরিচালনা করেন। মূলত বাংলাদেশ সরকারের সমন্বিত বাজেট এবং হিসাবরক্ষণ ব্যবস্থাপনাই হল আইবাস ++। এটি একটি ইন্টারনেটভিত্তিক সফটওয়্যার, যার মাধ্যমে সরকারের বাজেট প্রণয়ন, বরাদ্দ বিভাজন, অর্থ অবমুক্তি, বাজেট পুনঃ উপযোজন, অনলাইনে বিল দাখিল এবং তার বিপরীতে চেক বা ইএফটির মাধ্যমে অর্থ প্রদান, রাজস্ব জমার হিসাবরক্ষণ, স্বয়ংক্রিয় ব্যাংক হিসাব সমন্বয়-ইত্যাদি আর্থিক কর্মকান্ড সম্পন্ন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় সমাপনী বক্তব্য রাখেন মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার, এনডিসি। সমাপনী অনুষ্ঠানে সচিব বলেন, সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ পদ্ধতির উপর প্রশিক্ষণ কর্মশালাটি গুরুত্বপূর্ণ প্রশিক্ষণ। এর মাধ্যমে সরকারি কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা বৃদ্ধি পাবে। তিনি এ ধরনের প্রশিক্ষণ আয়োজনের জন্য অর্থ মন্ত্রণালয় ও প্রশিক্ষকবৃন্দকে ধন্যবাদ জানান।